

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ ।

স্মারকনং-৩২.০.৪৮৯২.০০০০.০০.২৬-

তারিখ-১২/০৩/২০২৬খ্রি.

প্রশিক্ষনাথী ভতি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন " উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষন (২য় পর্যায়) সংশোধিত শীর্ষক" প্রকল্পের অধীনে তাড়াইল উপজেলায় নিম্নবর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৮-৪০) বছর বয়সী মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষন প্রদান করা হচ্ছে । প্রশিক্ষন গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে প্রশিক্ষনের জন্য আবেদন পত্র আহবান করা যাচ্ছে ।

ট্রেডের নাম	প্রশিক্ষনের স্থান	প্রশিক্ষনের মেয়াদ	আসন সংখ্যা	বয়স-সীমা ও যোগ্যতা
০১. আধুনিক দর্জি বিজ্ঞান	উপজেলা মহিলা বিষয়ক	০৩ মাস মেয়াদী	প্রতি ব্যাচে ২০ জন করে	শিক্ষাগোপ্যতা- ৮ম/এসএসসি ও
০২. ফুড প্রসেসিং	কর্মকর্তার কার্যালয় তাড়াইল, কিশোরগঞ্জ	৬০ কর্মদিবস ব্যাপি	০২ ব্যাচে মোট ৪০ জন	বয়স -১৮-৪০ বৎসর দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী (ইতিপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষন প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না) ।

নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষনে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ।

০১। প্রশিক্ষনে অংশগ্রহণ করতে ইচ্ছুক আর্থহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের আওতায় ট্রেডের নাম উল্লেখ পূর্বক আবেদন করবে হবে ।

আবেদনের সময়সীমা নিম্নরূপ :


(ক) আবেদনপত্র গ্রহণের তারিখ ও সময় ১২/০৩/২০২৬ খ্রি. সকাল-০৯:০০ টা হতে ৩০/০৩/২০২৬ খ্রি. বিকাল -০৪.০০টা পর্যন্ত ।

উল্লেখ্য এই সময়ের মধ্যেই আবেদনপত্রের কপি আবশ্যিক জমা দিতে হবে ।

(খ) আবেদনের সাথে আইডি কার্ডের ফটোকপি, পাসপোর্ট সাইজের ০২কপি ছবি , সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট এর ফটোকপি জমা দিতে হবে ।

(গ) বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস -বৃদ্ধি বা ট্রেড বাতিল / সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন ।

(ঘ) সফলভাবে প্রশিক্ষন শেষে প্রত্যেক প্রশিক্ষনাথীকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রতিদিনের হাজিরার জন্য ২০০/- (দুইশত টাকা) করে ৬০ (ষাট) কর্মদিবসের প্রশিক্ষন ভাতা প্রদান করা হবে ।



(দিলরুবা আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ.দা.)
তাড়াইল, কিশোরগঞ্জ ।

সদয় অবগতির ও কার্যার্থে অনুলিপি : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ।

- ১। প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), আইজিএ প্রশিক্ষন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা ।
- ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কিশোরগঞ্জ ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ ।
- ৩।সকল দপ্তরের নোটিশ বোর্ড, তাড়াইল, কিশোরগঞ্জ ।
- ৪। চেয়ারম্যান, (সকল ইউপি), তাড়াইল, কিশোরগঞ্জ ।
- ৫। অফিস কপি ।